দৈনিক বাংলা

তারিখ ৮।৭।৮১
পৃষ্ঠা...

043

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রিলিমিনারী ক্লাসে ভর্তি

১৯৮০-৮১ সেশনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাস্টার্স ডিগ্রি (প্রিলিমিনারী) কোর্সে ভর্তির জন্য সাদা কাগজে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। দরখাস্তসমূহ সংশ্লিষ্ট বিভাগের চেয়ারম্যান কর্তৃক ১৮ই জুলাই ১৯৮১ তারিখের মধ্যে গৃহীত হবে।

যারা ১৯৭৯ ও ১৯৮০ সনের ডিগ্রি পরীক্ষায় পাস করেছেন এবং এসএসসি থেকে ডিগ্রী পর্যন্ত তিনটি পরীক্ষার যে কোন একটিতে অন্ততপক্ষে দ্বিতীয় বিভাগ অধিকার করেছেন এবং মাস্টার্স ডিগ্রি ক্লাসে যে বিষয়ে তারা অধ্যয়ন করতে চান সে বিষয়ে অথবা অনুমোদিত একটি সংশ্লিষ্ট বিষয়ে ডিগ্রি পরীক্ষায় অন্ততঃপক্ষে ৪০% নম্বর পেয়েছেন কেবলমাত্র তারাই আবেদন করার যোগ্য।

কিন্তু মাস কম্যুনিকেশন ও জার্নালিজমে মাস্টার্স ডিগ্রি (প্রিলিমিনারী) কোর্সে ভর্তির জন্য প্রার্থীদেরকে বাংলা বা ইংরেজীতে অন্ততপক্ষে ৪৫% নম্বর প্রাপ্ত হতে হবে।

যারা ডিগ্রি পর্যায়ে সাইকোলজী অধ্যয়ন করেননি তারা সাইকোলজীতে মাস্টার্স ডিগ্রি (প্রিলিমিনারী) কোর্সে ভর্তির যোগ্য হবেন না।

এ উদ্দেশ্যে কোন ভর্তি পরীক্ষা হবে না এবং প্রার্থীদেরকে সম্পূর্ণরূপে বিশ্ববিদ্যালয়ের ভর্তি কমিটি কর্তৃক অনুমোদিত ফর্মুলা অনুসারে নির্ধারিত মেধার ভিত্তিতে নির্বাচন করা হবে। যাই হোক প্রার্থীদেরকে সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক নির্ধারিত তারিখে বা তারিখসমূহে তাদের মূল মার্কশীটসহ বিভাগীয় ভর্তি কমিটির সামনে হাজির হতে হবে।

দরখাস্তে অবশ্য নিম্নোক্ত বিবরণগুলো থাকতে হবে:

(১) আবেদনকারীর পুরো নাম (২) পিতার নাম (৩) বর্তমান ঠিকানা (৪) শিক্ষার বিবরণ (৫) এসএসসি, এইচএসসি এবং ডিগ্রি পরীক্ষায় প্রাপ্ত বিভাগ ও পাস করার সন (৬) ডিগ্রি পরীক্ষার বিষয়ে অথবা সংশ্লিষ্ট বিষয়ে প্রাপ্ত নম্বর এবং (৭) জাতীয়তা।

এসএসসি, এইচএসসি এবং ডিগ্রী পরীক্ষার মার্কশীটের সত্যায়িত কপি অবশ্যই দরখাস্তের সঙ্গে দাখিল করতে হবে।